দৈনিক ইত্তেফাক

MAR. 04 2000

তারিখ ...
পৃষ্ঠা ৬ কলাম ২

এসএসসি পরীক্ষা

# ৫ পরীক্ষার্থীর ছবি জালিয়াতি

কুমিল্লা সংবাদদাতা ॥ পাঁচজন পরীক্ষার্থী কর্তৃক নিজেদের ছবির পরিবর্তে ফরমে অন্যের ছবি সংযোজন করিয়া এস,এস,সি পরীক্ষা দেও-

( ৫ম পৃ: দ্র:)

## ৫ পরীক্ষার্থীর ছবি

( ৩য় পৃ: পর )

য়ার একটি চেষ্টার ঘটনা কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের নিকট ধরা পড়িয়াছে। কুমিল্লা শিক্ষা বোর্ড সূত্রে জানা যায়, বোর্ডের অধীন জেলার চৌদ্দগ্রাম থানার আলকরা হাফিজুল ইসলাম চৌধুরী উচ্চ বিদ্যালয়ের লিটনচন্দ্র বণিক, শহীদ উল্লা, মোবারক হোসেন, রৌশন আরা ও নাসরিন আক্তার নামে ৫ জন এস এস সি পরীক্ষার্থীর দাখিলকৃত রেজিষ্ট্রেশন কার্ড ও ফরম বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকালে রেজিষ্ট্রি কার্ড ও ফরমে সংযোজনকৃত ছবি দুই ধরনের বলিয়া প্রতীয়মান হয়। উল্লেখিত পরীক্ষার্থীরা নবম শ্রেণীতে থাকাকালীন সময়ে রেজিষ্ট্রেশন কার্ড পূরণকালে প্রত্যেকেই নিজের ছবি সংযোজন করিলেও পরীক্ষার ফরম পূরণকালে উদ্দেশ্যমূলকভাবে অন্য ব্যক্তির ছবি সংযোজন করে। এই ধরনের ছবি জালিয়াতির উদ্দেশ্য ছিল পরীক্ষার সময় প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য ব্যক্তির মাধ্যমে পরীক্ষা দেওয়া।

গত ২৯শে ফেব্রুয়ারী কুমিল্লা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আলকরা হাফিজুল ইসলাম চৌধুরী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে উল্লেখিত পাঁচ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য ৩ দিনের সময় দিয়া পত্র দিয়াছেন।